

বাজেট বরাদ্দ ব্যয়ে

শতভাগ স্বচ্ছতা

প্রয়োজন

শিক্ষা বিষয়ক সেমিনারে বক্তারা

■ ইত্তেফাক রিপোর্ট

কেবল বাজেট বরাদ্দের মাধ্যমে শিক্ষার মান উন্নয়ন করা সম্ভব নয়। বাজেট বরাদ্দ ব্যয়ে সুষ্ঠু ব্যবস্থাপনা অধিক গুরুত্বপূর্ণ। ব্যয়ে শতভাগ স্বচ্ছতা রক্ষায় রাখা প্রয়োজন। এক্ষেত্রে শীর্ষ পর্যায়ে থেকে বাস্তবায়নকারী এবং স্থানীয় সমাজকে অন্তর্ভুক্ত করা উচিত।

শনিবার রাজধানীতে 'জাতীয় বাজেট ২০১৫-১৬: মানসম্পন্ন প্রাথমিক শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষায় বরাদ্দ প্রত্যাশা' শীর্ষক সেমিনারে বক্তারা এসব কথা বলেন। সেমিনারের আয়োজক 'ঢাকা স্কুল অব ইকোনোমিক্স' এবং 'আমার অধিকার ফাউন্ডেশন'।

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন 'জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমির' (নায়ের) সাবেক মহাপরিচালক অধ্যাপক শেখ ইকরামুল কবির। প্রধান অতিথি ছিলেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মেজবাহ উল আলম। বিশেষ অতিথি ছিলেন সাবেক ব্যাংকার ও বিশিষ্ট অর্থনীতিবিদ খোন্দকার ইব্রাহিম খালেদ এবং প্রতিমা পাল মজুমদার। সভাপতিত্ব করেন অর্থনীতিবিদ ড. কাজী খলীলুজ্জামান আহমদ।